**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-08–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**বন্যা পরিস্থিতি**:

নতুন করে বৃষ্টি না হওয়ায় রাজ্যের বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতি কিছুটা উন্নতি হয়েছে । নদী গুলোতে জলস্তর ধীরে ধীরে নামতে শুরু করেছে। তবে নিচু এলাকা গুলিতে জল একসময় আটকে থাকায় পরিস্থিতি স্বাভাবিক হতে আরো অনেকটা সময় লাগবে । রাজধানী আগরতলায় হাওড়া নদীর জলস্তর কিছুটা কমেছে। শহরে জলের যে প্রকোপ ছিল সারারাত পাম্পের মাধ্যমে এই জল নদীতে এবং কাটাখালে ফেলা হয়েছে । বন্যায় সরকারী সুত্রে পাওয়া খবর অনুযায়ী ১৭ লক্ষ্ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন । সর্বশেষ তথ্য অনুযায়ী ১২ জনের মৃত্যু হয়েছে এবং ২জন নিখোঁজ হয়েছেন বহু সম্পদ ও ফসলের ক্ষতি হয়েছে ।

এদিকে বন্যার দুর্গতদের ত্রান ও উদ্ধার কাজে এস ডি আর এস এর ১৪ ব্যাটেলিয়ান কাজ করছে । এর সাথে NDRF এর ৪ টি দল গতকাল রাজ্যে আসার পর বিভিন্ন প্রান্তে দুর্গতদের উদ্ধারের কাজে নিয়োজিত হয়েছে । আরো একটি NDRF রাজ্যে আসতে পারে বলে সরকরে সুত্রে জানানো হয়েছে । গোমতী জেলার অমরপুরে ত্রান ও উদ্ধার কাজে হেলিকপ্টার ব্যবহার হচ্ছে। ওই মহকুমায় জলমগ্ন মানুষের জন্য হেলিকপ্টারে খাবার সরবরাহ করা হয়েছে । দুর্যোগ মোকাবিলা ও রাজস্য সচিব বৃডোস পান্ডে জানান সারা রাজ্যে ৪৫০ টি ত্রান শিবিরে ৬৫ হাজার ৪০০

মানুষ আশ্রয় নিয়েছে ।বন্যার ফলে ১ লক্ষ্ ২০ হাজার হেক্টর ধান জমি এবং ৫ হাজার হেক্টর চাষের জমি ক্ষতিগ্রস্ত হয়েছে ।

************

**Rail :**

আগরতলা সাব্রুমের মধ্যে রেল চলাচল গতকাল সম্পূর্ণ বন্ধ ছিল । বুধবার গর্জি এলাকায় রেল লাইনের উপর যে ধ্বস পড়েছিল তা পরিষ্কার করা হয়। কিন্তু অতি বৃষ্টির ফলে গতকাল গর্জি এবং বিলোনিয়া দুটো জায়গায় নতুন করে ধ্বস পড়ার ফলে ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে। তবে যুদ্ধকালীন তৎপরতায় রেল লাইনের মাটি সরানোর কাজ চলছে বলে রেল কতৃপক্ষ পক্ষ জানান । অপরদিকে জিরানিয়া এবং তেলিয়ামুড়ার মধ্যবর্তী এলাকায় যে ধ্বস পড়েছিল তা পরিষ্কার করা হয়। গতকাল সকালে কাঞ্চনজঙঘা এক্সপ্রেস ধর্মনগর থেকে আগরতলা আসে এবং আগরতলা থেকে ১১টা ৩৫ মিনিটে শিয়ালদার উদ্দেশ্যে রওয়ানা হয়। এই রুটে ট্রেন চলাচল কিছুটা স্বাভাবিক হলেও ট্রেন গুলির যাত্রা বিলম্বিত হচ্ছে।

***************

**Flood-Amit Saha :**
**22-08-2024**

মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা রাজ্যের বন্যা পরিস্থিতি সম্পর্কে গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে বিস্তারিত অবহিত করেন। সামাজিক মাধ্যম 'এক্স'-এ একটি পোস্টে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন বন্যা পরিস্থিতি মোকাবেলায় রাজ্য

সরকারকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহায়তা দেওয়া হবে।

************

**PM, Poland :**

ভারত ও পোল্যান্ড উভয় দেশের সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বে রূপান্তর করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ওয়ারশতে পোল্যান্ডের প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্কের সঙ্গে প্রতিনিধি পর্যায়ে আলোচনার পর প্রেস বিবৃতিতে এই ঘোষণা করেন।

শ্রী মোদী বলেন, ২০২২ সালে ইউক্রেন সংঘাতের সময় ভারতীয় ছাত্রদের উদ্ধারে পোল্যান্ড যে সাহায্য করেছিল তা ভারতের জনগণ কখনই ভুলতে পারবে না। তিনি বলেন, আন্তর্জাতিক মঞ্চেও ভারত ও পোল্যান্ড ঘনিষ্ঠ সমন্বয়ে এগিয়ে চলেছে।

************

**Rajyasabha :**

রাজ্যে রাজ্যসভার উপনির্বাচনে জমা পড়া দুজনের মনোয়ন বৈধ বলে গতকাল জানিয়েছেন রাজ্যসভার উপনির্বাচনের রিটার্নিং অফিসার এস মগ । তিনি জানান, বিজেপি প্রার্থী রাজীব ভট্টাচার্য এবং সিপিআইএমের হয়ে সুধন দাস মনোনয়ন জমা করেছিলেন ।

**************

**Flood-Pump :** 22-08-2024

বিদ্যুৎ জনিত কারণে আগরতলা শহরে কোন পাম্প বর্তমানে বন্ধ নেই। প্যারাডাইস চৌমুহনীস্থিত পাম্পে বিদ্যুতের আন্ডারগ্রাউন্ড কেবল লাইনের সমস্যা দেখা দেওয়ায় ওভারহেড লাইন দিয়ে এই পাম্প চালু করা হয়েছে। শিশু উদ্যান সংলগ্ন দুটো পাম্প চালু রয়েছে। নতুন করে আরো একটি পাম্প চালুর উদ্যোগ চলছে। গণরাজ চৌমুহনীর পাম্প নিরাপত্তা জনিত কারণে কর্তৃপক্ষ বন্ধ রেখেছে। পূর্ব থানা সন্নিকটস্থ পাম্পও নিরাপত্তা জনিত কারণে বন্ধ রেখেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ইন্দ্রনগর হরিজন কলোনির পাম্প চালু রয়েছে।

************

**রাখাল শীল্ড :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার সেমিফাইনালে আজ রামকৃষ্ণ ক্লাব ও ত্রিপুরা পুলিশ পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে সন্ধ্যা ছয়টায় এই ম্যাচটি শুরু হবে।

*************

**স্কুল জুডো:**

রাজ্যভিত্তিক স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব-১৭ বছরের বালক বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুল এবং বালিকা বিভাগে গোমতি জেলা সেরা হয়। বাধারঘাটের জুডোর ইন্ডোর হল-এ অনুষ্ঠিত আসরে বালকদের ৪০ কেজি বিভাগে উত্তর জেলার অমরজিৎ চাকমা, ৪৫ কেজি বিভাগে উত্তর জেলার অনুপম চাকমা, ৫০ কেজি বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের দীপক রায় রিয়াং, ৫৫ কেজি বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের উত্তম কান্তি ত্রিপুরা, ৬০ কেজি বিভাগের

ত্রিপুরা স্পোর্টস স্কুলের রিমন দেববর্মা, ৬৫ কেজি বিভাগের ত্রিপুরা স্পোর্টস স্কুলের সুমন চাকমা, ৭১ কেজি উর্ধ্ব বিভাগে সিপাহীজলা জেলার মেহেদী হাসান এবং অপরদিকে, বালিকাদের ৩৬ কেজি বিভাগে উত্তর জেলার মনিকা চাকমা, ৪০ কেজি বিভাগে গোমতী জেলার আকাঙ্খা ঘোষ, ৪৪ কেজি বিভাগের গোমতী জেলার ইন্দ্রানী দাস, ৪৮ কেজি বিভাগে গোমতী জেলার তানিয়া দাস, ৫২ কেজি বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের ধিরিং চাকমা, ৫৬ কেজি বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিজিত মারাক, ৬১ কেজি বিভাগে খোয়াই জেলার মোনালিসা দেববর্মা এবং ৬১ কেজি উর্ধ্ব বিভাগে গোমতী জেলার সায়ন্তি দাস প্রথম স্থান দখল করে।

*************

**Weather:**

আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত মেঘলা থাকবে । আগামী ২৪ ঘন্টায় রাজ্যের কয়েকটি জেলায় ভারী বৃষ্টির সর্তকতা জারি করা হয়েছে। আজ সকাল ভোরে ৫ টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ২ মিলিমিটার । ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫. ৭ ডিগ্রী সেলসিয়াস ।

*************

***********